দৈনিক বাংলা

তারিখ ১১/৯/৮১
পৃষ্ঠা...



# নিরক্ষরতা দূরীকরণে অগ্রাধিকার ভিত্তিতে ব্যবস্থা গৃহীত হইয়াছে

বাসস জানায়, প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান গত বুধবার বলিয়াছেন যে, সমাজ হইতে নিরক্ষরতার অভিশাপ দূরীকরণ এবং দেশে প্রাথমিক শিক্ষার বিকাশের জন্য সরকার অগ্রাধিকার ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করিয়াছেন। এই লক্ষ্যে দ্বিতীয় ৫ সালা পরিকল্পনাকে [illegible] কোটি টাকা ব্যয় করা হইবে। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন উপলক্ষে শিক্ষা বিভাগ কর্তৃক শিশু একাডেমী মিলনায়তনে আয়োজিত এক সেমিনারে বক্তৃতা প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন যে, এ পর্যন্ত এক কোটি বই বিতরণ করা হইয়াছে এবং আরও এক কোটি বই মুদ্রণ করা হইতেছে।